

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
www.nationalsavings.gov.bd

নং-০৮.০৪.০০০০.০০৭.১৬.০৪৭.২১/২০৫২


তারিখঃ ১১ কার্তিক ১৪২৮
২৭ অক্টোবর ২০২১

বিষয়ঃ তথ্য বাতায়ন হালনাগাদ ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২১-২২ বাস্তবায়নে তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত একটি ত্রৈমাসিক প্রতিবেদন (জুলাই/২০২১-সেপ্টেম্বর/২০২১) প্রস্তুত করা হয়েছে।

০২। প্রস্তুতকৃত ত্রৈমাসিক প্রতিবেদনটি মহোদয়ের সদয় অবগতির জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ১(এক) পাতা।


(মোছাঃ মাকছুদা খাতুন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-২২৩৩৮০৪৩৭

ই-মেইল: dg.nsd.bd@gmail.com

সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃআঃ যুগ্মসচিব, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি)

জাতীয় সঞ্চয় অধিদপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন (জুলাই/২১ হতে সেপ্টেম্বর/২১) পর্যন্ত

জাতীয় সঞ্চয় অধিদপ্তর অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের একটি সংযুক্ত দপ্তর। জাতীয় সঞ্চয় অধিদপ্তরের প্রধান কাজ হলো গ্রাহকভিত্তিক সেবা দিয়ে স্বল্প আয়ের মানুষের হাত শক্তিশালী করে তাদের সামাজিক নিরাপত্তা বলয়ে নিয়ে আসা, পাশাপাশি দেশের রাজস্ব ঘাটতি বাজেটে অর্থায়ন করা। জাতীয় সঞ্চয় অধিদপ্তরের আওতাধীন ৮টি বিভাগীয় অফিস, ৬৪টি জেলা সঞ্চয় অফিস, ১১টি বিশেষ সঞ্চয় ব্যুরো রয়েছে। জাতীয় সঞ্চয় অধিদপ্তর এর উদ্দেশ্য সফল করতে ও এর অধীনস্থ দপ্তরসমূহে দাপ্তরিক তথ্য প্রবাহ সচল রাখার জন্য www.nationalsavings.gov.bd নামে একটি তথ্য বাতায়ন রয়েছে। জাতীয় সঞ্চয় অধিদপ্তর দাপ্তরিক তথ্য প্রবাহ সচল রাখতে তথ্য বাতায়নের কন্টেন্ট গুলোতে নতুন নতুন তথ্য সংযোজনের মাধ্যমে হালনাগাদ তথ্য প্রকাশ করে থাকে। জাতীয় সঞ্চয় অধিদপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক তথ্য নিম্নরূপ

তথ্য বাতায়নের মেনু, সাব মেনুর হালনাগাদ তথ্যঃ

জাতীয় সঞ্চয় অধিদপ্তরের তথ্য বাতায়নে আমাদের বিষয়, বিদ্যমান স্কিমসমূহ, আইন-বিধি, সংবাদ ও প্রকাশনা, ফটোগ্যালারী, ডাউনলোড ও যোগাযোগ নামে ৭টি মেনু রয়েছে। প্রতিটি মেনুর অধীনে সাব মেনু রয়েছে। মেনু ও সাব মেনুর হালনাগাদ তথ্য নিম্নরূপঃ

ক্র/নং	মেনু	সাবমেনু	হালনাগাদ তথ্য
০১	ডাউনলোড	প্রাইজ বন্ড ফলাফল	প্রাইজ বন্ডের ১০৪তম ড্র এর ফলাফল প্রকাশ করা হয়েছে।
০২	যোগাযোগ	জেলা কার্যালয়সমূহ	জেলা কার্যালয়ে বদলীকৃত কর্মকর্তাদের নাম ও অন্যান্য তথ্য হালনাগাদ করা হয়েছে।
		বিশেষ সঞ্চয় ব্যুরোসমূহ	বিশেষ সঞ্চয় ব্যুরোসমূহের বদলীকৃত কর্মকর্তাদের নাম ও অন্যান্য তথ্য হালনাগাদ করা হয়েছে।

নোটিশ বোর্ডঃ

গত তিন মাস (জুলাই/২১ হতে সেপ্টেম্বর/২১) পর্যন্ত বদলী, পেনশন, পি.আর, এল, শোকবার্তা, নোটিশ, অনাপত্তি, কোটেশন আহবান, সংশোধন, প্রজ্ঞাপন ও বিজ্ঞপ্তিসহ ৪৪ (চুয়াল্লিশ)টি বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্য নোটিশ বোর্ডে প্রকাশ করা হয়েছে।

খবরঃ

জাতীয় সঞ্চয়স্কিমসমূহের মুনাফার হার পুনঃনির্ধারণ (২১ সেপ্টেম্বর/২০২১ হতে কার্যকর) এ সংক্রান্ত তথ্য প্রকাশ করা হয়েছে।

সেবা বক্স হালনাগাদ তথ্যঃ

সেবা বক্স এ মুজিব বর্ষ কর্নার, জাতীয় শুদ্ধাচার কৌশল, উদ্ভাবনী কার্যক্রম, আইন ও প্রকাশনা, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, অভ্যন্তরীণ প্রশিক্ষণ, আমাদের দপ্তর, তথ্য অধিকার, বাজেট ও প্রকল্প, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার), আইসিটি কর্নার, ফোকাল পয়েন্ট ও অন্যান্য, বিজ্ঞপ্তি/ আদেশ/ পরিপত্র/ প্রজ্ঞাপন কার্যক্রম নামে ১৪টি সেবা বক্স রয়েছে। প্রতিটি সেবা বক্সের অধীন ৪টি করে কন্টেন্ট রয়েছে। সেবা বক্স ও কন্টেন্ট এর হালনাগাদ তথ্য নিম্নরূপ-

ক্র/নং	সেবা বক্স	কন্টেন্ট	হালনাগাদ তথ্য
০১	জাতীয় শুদ্ধাচার কৌশল	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার তথ্য প্রকাশ করা হয়েছে।
		ফোকাল পয়েন্ট কর্মকর্তা	ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম প্রকাশ করা হয়েছে।
০২	উদ্ভাবনী কার্যক্রম	বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা	বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা তথ্য প্রকাশ করা হয়েছে।
০৩	আইন ও প্রকাশনা	বিদ্যমান সঞ্চয় স্কিমসমূহ	জাতীয় সঞ্চয়স্কিমসমূহের মুনাফার হার পুনঃনির্ধারণ সংক্রান্ত হালনাগাদ তথ্য প্রকাশ করা হয়েছে।
০৪	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	এপিএ টিম	এপিএ টিম এর নতুন হালনাগাদ তথ্য প্রকাশ করা হয়েছে।
		বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কর্মপরিকল্পনার তথ্য প্রকাশ করা হয়েছে।
০৫	তথ্য অধিকার	আপীল ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য প্রকাশ করা হয়েছে।
০৬	বাজেট ও প্রকল্প	বাজেট বরাদ্দ ও বাস্তবায়ন	বাজেট বাস্তবায়ন তথ্য প্রকাশ করা হয়েছে।
০৭	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার)	সেবা প্রদান প্রতিশ্রুতি	সিটিজেনস্ চার্টার এ নতুন হালনাগাদ তথ্য প্রকাশ করা হয়েছে।
		ফোকাল পয়েন্ট কর্মকর্তা	ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম প্রকাশ করা হয়েছে।
০৮	ফোকাল পয়েন্ট ও অন্যান্য	ফোকাল পয়েন্ট	ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের হালনাগাদ তথ্য প্রকাশ করা হয়েছে।
০৯	বিজ্ঞপ্তি/আদেশ/পরিপত্র/ প্রজ্ঞাপন	পরিপত্র/প্রজ্ঞাপন	জাতীয় সঞ্চয়স্কিমসমূহের মুনাফার হার পুনঃনির্ধারণ সংক্রান্ত প্রজ্ঞাপন প্রকাশ করা হয়েছে।

জাতীয় সঞ্চয় অধিদপ্তরের তথ্য বাতায়ন একটি তথ্য বহুল তথ্যবাতায়ন। এর তথ্য প্রবাহ সচল রাখতে ও ব্যবহারকারীদের সুবিধার্থে নতুন নতুন তথ্য ও প্রজ্ঞাপন এতে প্রতিনিয়ত হালনাগাদ করা হয়।



মাঃ মাসুদুর রহমান
নৃকারী পরিচালক (জনসংযোগ)
জাতীয় সঞ্চয় অধিদপ্তর, অর্থ মন্ত্রণালয়